


জাতিসংঘে বঙ্গবন্ধুর প্রথম বাংলায় ভাষণ স্মরণে ই-পোস্টার প্রকাশ

প্রকাশ: ২৪ সেপ্টেম্বর ২০২০, ১৮:২০



জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম বাংলায় ভাষণ স্মরণে ই-পোস্টার প্রকাশ হয়েছে। এটি প্রকাশ করেছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।

জাতির জনক বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে প্রথম বাংলায় ভাষণ দেন।

আগামীকাল ২৫ সেপ্টেম্বর। জাতিসংঘের অধিবেশনে বাংলায় ভাষণ দেওয়ার এই অনন্য দিনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধা জানিয়ে জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে বলা হয়েছে, প্রকাশিত ই-পোস্টার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের আওতাধীন এলাকায় তাদের ব্যবস্থাপনায়

পরিচালিত ইলেকট্রনিক বা ডিজিটাল বা এলইডি স্ক্রিনে প্রদর্শন করা হবে।

演説の様子

https://www.youtube.com/watch?time_continue=154&v=L7zt1DwbEkE&feature=emb_logo